



৭ম পরিষদের ২য় সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এ. এইচ. এম খায়রুজ্জামান (লিটন), মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় : ১৫.১১.২০২৩ খ্রিষ্টাব্দ (০৪.০৭.১৪৩০ বঙ্গাব্দ), বেলা ৩.০০ ঘটিকা।

স্থান : নগর ভবনের নির্ধারিত সভাকক্ষ (এনেক্স ভবন),

উপস্থিতি : পরিশিষ্ট 'ক', অনুপস্থিতি : পরিশিষ্ট 'খ', স্থায়ী কমিটির তালিকা : পরিশিষ্ট 'গ' এবং

মেয়রের প্যানেল : পরিশিষ্ট 'ঘ'

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের পর সভাপতি স্বাগত বক্তব্য রাখেন। অতঃপর সভার আলোচ্যসূচির ক্রমিক অনুযায়ী আলোচনার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহ্বান করেন। তৎপ্রেক্ষিত সভায় যথাক্রমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্যসূচি- ০৩ : রাজশাহী সিটি কর্পোরেশনের বর্তমান পরিষদের স্থায়ী কমিটিসমূহ এবং মেয়রের প্যানেল গঠন প্রসঙ্গে।

আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন; স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৫০ উপধারা (১) ও (২) নির্দেশনা অনুযায়ী কর্পোরেশন প্রত্যেক বৎসর উহার প্রথম সভায়, অথবা যথাশীঘ্র সম্ভব, তৎপরবর্তী কোন সভায় নিম্নবর্ণিত বিষয়াদির প্রত্যেকটি সম্পর্কে একটি করিয়া স্থায়ী কমিটি গঠন করিবে যাহার মেয়াদ দুই বৎসর ছয় মাস হইবে এবং দুই বৎসর ছয় মাস পর নূতন করিয়া কমিটি গঠন করিতে হইবে, যথাঃ— (ক) অর্থ ও সংস্থাপন; (খ) বর্জ্য ব্যবস্থাপনা; (গ) শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা; (ঘ) নগর পরিকল্পনা ও উন্নয়ন; (ঙ) হিসাব নিরীক্ষা ও রক্ষণ; (চ) নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ; (ছ) পানি ও বিদ্যুৎ; (জ) সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার; (ঝ) পরিবেশ উন্নয়ন কমিটি; (ঞ) ক্রীড়া ও সংস্কৃতি কমিটি; (ট) জন্ম-মৃত্যু নিবন্ধন কমিটি; (ঠ) যোগাযোগ; (ড) বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ; (ঢ) দুর্যোগ ব্যবস্থাপনা। কর্পোরেশনের সভার সিদ্ধান্তক্রমে প্রয়োজনবোধে অন্য কোন বিষয়ের জন্যও স্থায়ী কমিটি গঠন করিতে পারিবে। রাজশাহী সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ পরিষদে ধারা ৫০ উপধারা (১) তে বর্ণিত ১৪টি এবং ধারা ৫০ উপধারা (২) অনুসরণে ৬টি (গোরস্থান, ঈদগাহ, শ্বশাগ ঘাট ব্যবস্থাপনা ও ধর্ম বিষয়ক স্থায়ী কমিটি, বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশনের সম্পত্তি পুনরুদ্ধার ও সংরক্ষণ স্থায়ী কমিটি, ইতিহাস পুরাকীর্তি সংরক্ষণ ও পর্যটন উন্নয়ন স্থায়ী কমিটি, মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি এবং পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা স্থায়ী কমিটি) সর্বমোট ২০ টি স্থায়ী কমিটি ছিল। এছাড়াও স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ২০ (১) ধারা মোতাবেক সিটি কর্পোরেশন গঠিত হইবার পর অনুষ্ঠিত প্রথম সভার এক মাসের মধ্যে কাউন্সিলরগণ অগ্রাধিকারক্রমে তাহাদের নিজেদের মধ্য হইতে তিন সদস্য বিশিষ্ট একটি মেয়রের প্যানেল নির্বাচন করিবেন। তবে শর্ত থাকে যে, নির্বাচিত তিনজনের মেয়র প্যানেলের মধ্যে একজন অবশ্যই সংরক্ষিত আসনের কাউন্সিলর হইতে হইবে। তিনি বর্তমান পরিষদের কমিটি গঠনের আহ্বান জানালে সম্মানিত কাউন্সিলরগণ মাননীয় মেয়র কমিটি গঠনের সার্বিক একক সিদ্ধান্ত প্রদান করবেন মর্মে তাদের অভিন্ন মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে আলোচনার শেষে মাননীয় মেয়র সর্বমোট ২০ টি স্থায়ী কমিটি ও মেয়রের প্যানেল তালিকা প্রণয়ন করেন (যথাক্রমে পরিশিষ্ট- 'গ' ও 'ঘ')। প্রণয়নকৃত স্থায়ী কমিটি ও মেয়রের প্যানেলকে উপস্থিত সকলে অভিনন্দন জানিয়ে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : কার্যবিবরণীর পরিশিষ্ট 'গ' মোতাবেক গঠিত স্থায়ী কমিটিসমূহ এবং পরিশিষ্ট 'ঘ' মোতাবেক গঠিত মেয়রের প্যানেল রাজশাহী সিটি কর্পোরেশনের ৭ম পরিষদের জন্য কার্যকর হবে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো। বাস্তবায়নে : সচিব, রাসিক।

বিবিধ প্রসঙ্গে কোন আলোচনা উত্থাপিত না হওয়ায় প্রধান নির্বাহী কর্মকর্তাকে বক্তব্য প্রদানের আহবান জানালে তিনি বলেন; গৃহীত সিদ্ধান্ত প্রচলিত আইনের সাথে সামঞ্জস্যমূলক হতে হবে। বিধি বহির্ভূত কোন সিদ্ধান্ত ভুলক্রমে গৃহীত হলে তা অকার্যকর এবং বাতিল বলে গণ্য হবে। সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে বলেন; প্রতিটি আলোচ্যসূচির বিপরীতে গঠনমূলক পর্যালোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় বিধিবিধান অনুসরণপূর্বক সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ নিশ্চিত করতে হবে। উন্নয়ন কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে সভায় দৃষ্টি আকর্ষণ করে উপস্থিত সকলকে দীর্ঘক্ষণ সভায় কার্যকর অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ. এইচ. এম খায়রুজ্জামান লিটন)

মেয়র
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.০৭.০২২.২৩.

তারিখ : অগ্রহায়ণ, ১৪৩০/

নভেম্বর, ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৪। বিভাগীয় প্রধান,.....(সকল), রাসিক।

প্রধান নির্বাহী কর্মকর্তা

রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.০৭.০২২.২৩.

তারিখ : অগ্রহায়ণ, ১৪৩০/

নভেম্বর, ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জনাব/বেগম-----সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/জোন নং-----রাসিক
- ২। মাননীয় মেয়রের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)
- ৪। অফিস নথি।

সচিব

রাজশাহী সিটি কর্পোরেশন